ISO 9001:2015
Cirtified

চান্দিনা, কুমিল্লা
ফোনঃ ০৮০২২ ৫৬১৩১
০৮০২২ ৫৬১৪৩
E-mail: comillapbs01@gmail.com
Web: pbs1.comilla.gov.bd

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১
Comilla Palli Bidyut Samity-1

স্মারক নং-২৭.১২.১৯২৭.৫০৩.০১.০০৮.২৬.৪২০১

তারিখ ২৯ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৩ সেপ্টেম্বর ২০২৬ খ্রিঃ

" নিলাম দরপত্র বিজ্ঞপ্তি "

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কমন সার্ভিস স্টোরের ব্যবহার অযোগ্য মূলধনী মালামাল **"যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায়"** বিক্রয়ের লক্ষ্যে নির্ধারিত সিডিউল অনুযায়ী আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা ও স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দরপত্র নং	মালামালের বিবরণ	পরিমান	দরদাতা কর্তৃক দাখিলকৃত মূল্য	
			একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
১	২	৩	৪	৫
০২/২০২৬-২৭	কমন সার্ভিস স্টোরের ব্যবহার অযোগ্য মূলধনী মালামাল (২৯টি আইটেম)	দরপত্র সিডিউল অনুযায়ী		

শর্তাবলীঃ

০১। আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ সদর দপ্তর, চান্দিনা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে এবং দরপত্র দলিলে উল্লেখিত মালামাল দেখতে পারবেন।

০২। দরপত্র সিডিউল আগামী ১৪/০৯/২০২৬ খ্রিঃ তারিখ হতে ২৭/০৯/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, চান্দিনা, কুমিল্লা হতে কুমিল্লা পবিস-১ এর সদর দপ্তর, প্রশাসন বিভাগ অথবা অত্র পবিসের ওয়েব সাইটঃ pbs1.comilla.gov.bd এর মাধ্যমে সংগ্রহ করা যাবে। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ/গ্রহণ করা হবে না। দরপত্রের বিস্তারিত বিবরণ ও নিয়মাবলী দরপত্র সিডিউলে পাওয়া যাবে।

০৩। আগামী ২৮/০৯/২০২৬ খ্রিঃ তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, চান্দিনা, কুমিল্লায় রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করা যাবে এবং ঐ দিনই বেলা ১২:০৫ ঘটিকায় উপস্থিত দরপত্র দাতাদের (যদি কেহ থাকেন) সম্মুখে খোলা হবে।

০৪। নিলামে উদ্ধৃত দরের ২৫% হারে নিরাপত্তা জামানত হিসেবে (ফেরতযোগ্য) কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দিনা, কুমিল্লা এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে দরপত্রের সংঙ্গে জমা দিতে হবে। নিরাপত্তা জামানত ছাড়া দরপত্র গ্রহনযোগ্য হবে না।

০৫। কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/পে অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ করে মালামাল সমূহ গ্রহণ করতে হবে। অন্যথায় দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানতের অর্থ সমিতির অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

০৬। কৃতকার্য নিলাম দরদাতাকে উদ্ধৃত মোট মূল্যের উপর সরকারী নিয়মানুযায়ী ভ্যাট এবং উৎস কর নগদ /পে অর্ডার / ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ পূর্বক মালামাল গ্রহণ করিতে হইবে এবং এতে ব্যর্থ হলে আর্নেষ্টমানি হিসেবে জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে।

০৭। সর্বোচ্চ দরদাতার দরই কৃতকার্য দর হিসেবে বিবেচিত হবে।

০৮। পবিসে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী এবং এলাকা পরিচালক/মহিলা পরিচালকগণ দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন না।

০৯। বর্ণিত মালামাল সমূহ ২৭/০৯/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে পরিদর্শন করা যাবে।

১০। বর্ণিত মালামাল সমূহ যেখানে যে অবস্থায় আছে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান-কে সেখান থেকে সে অবস্থায় গ্রহণ করতে হবে।

১১। আগ্রহী নিলাম দরদাতাগণ নিলাম বিজ্ঞপ্তিটি সমিতির ওয়েব সাইট (www.pbs1.comilla.gov.bd) এ দেখতে পারবেন।

১২। সমিতি কর্তৃপক্ষ কোনরূপ কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপ ক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(প্রকৌঃ মোঃ রাশেদুজ্জামান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্য পঃ (পূর্বাঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ।
০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি(আইসিটি) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য সদয় অনুরোধ করা হলো)।

০৩। জেলা প্রশাসক, কুমিল্লা।
০৪। পুলিশ সুপার, কুমিল্লা।
০৫। তত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা জোন, বাপবিবো, কুমিল্লা।
০৬। মেয়র, সিটি কর্পোরেশন, কুমিল্লা।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার -------------- ,পবিস-১/২/৩/৪।
০৮। নির্বাহী প্রকৌশলী, কুমিল্লা (উঃ), বাপবিবো, কুমিল্লা।
০৯। নির্বাহী প্রকৌশলী,এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, কুমিল্লা।
১০। উপজেলা নির্বাহী অফিসার, ...কুমিল্লা।

(০৩–১০:) নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১১। ডিজিএম, কোম্পানীগঞ্জ/দেবিদ্বার/বরুড়া /বাঙ্গরা জোনাল অফিস/সদর-কারিগরী, কুমিল্লা পবিস-১।
১২। এজিএম(ওএন্ডএম), নবাবপুর/পয়ালগাছা/মুরাদনগর/রামমোহন/কুটুম্বপুর সাব জোনাল অফিস, কুমিল্লা পবিস-১।
১৩। এজিএম(ওএন্ডএম/অর্থ-হিসাব), কুমিল্লা পবিস-১।
১৪। সহকারী প্রকৌশলী, কুমিল্লা (উঃ) বাপবিবো, চান্দিনা।
১৫। এজিএম (আইটি), কুমিল্লা পবিস-১ (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।)
১৬। মেসার্স---।
১৭। নোটিশ বোর্ড, কুমিল্লা পবিস-১।
১৮। অফিস কপি/মাস্টার কপি।

(প্রকৌঃ মোঃ রাশেদুজ্জামান)
জেনারেল ম্যানেজার

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১
চান্দিনা, কুমিল্লা।

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ব্যবহার অযোগ্য ষ্টেশনারী মালামাল আসবাবপত্র ও অফিস ফার্নির্চার নিলামে বিক্রয়ের দরপত্র দলিল

দরপত্র নং-০২/২০২৬-২০২৭

ISO 9001:2015 Certified

ইস্যুকৃত প্রতিষ্ঠানের নাম ঃ --

ঠিকানা ঃ- --

পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নং- --

তারিখঃ- --

____

ইস্যুকারী কর্মকর্তা/কর্মচারীর স্বাক্ষর ও সীল

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১
চান্দিনা, কুমিল্লা।

"নিলাম বিজ্ঞপ্তি"

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কমন সার্ভিস স্টোরের ব্যবহার অযোগ্য মূলধনী মালামাল **"যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায়"** বিক্রয়ের লক্ষ্যে নির্ধারিত সিডিউল অনুযায়ী আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা ও স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দরপত্র নং	মালামালের বিবরণ	পরিমান	দরদাতা কর্তৃক দাখিলকৃত মূল্য	
			একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
১	২	৩	৪	৫
০২/২০২৬-২৬	কমন সার্ভিস স্টোরের ব্যবহার অযোগ্য মূলধনী মালামাল (২৯টি আইটেম)	দরপত্র সিডিউল অনুযায়ী		

শর্তাবলীঃ

০১। আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ সদর দপ্তর, চান্দিনা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে এবং দরপত্র দলিলে উল্লেখিত মালামাল দেখতে পারবেন।

০২। দরপত্র সিডিউল আগামী ১৪/০৯/২০২৬ খ্রিঃ তারিখ হতে ২৭/০৯/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, চান্দিনা, কুমিল্লা হতে কুমিল্লা পবিস-১ এর সদর দপ্তর, প্রশাসন বিভাগ অথবা অত্র পবিসের ওয়েব সাইট: pbs1.comilla.gov.bd এর মাধ্যমে সংগ্রহ করা যাবে। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ/গ্রহণ করা হবে না। দরপত্রের বিস্তারিত বিবরণ ও নিয়মাবলী দরপত্র সিডিউলে পাওয়া যাবে। যোগে কোন দরপত্র দলিল প্রেরণ/গ্রহণ করা হবে না। দরপত্রের বিস্তারিত বিবরণ ও নিয়মাবলী দরপত্র সিডিউলে পাওয়া যাবে।

০৩। আগামী ২৮/০৯/২০২৬ খ্রিঃ তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর চান্দিনা, কুমিল্লায় রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করা যাবে এবং ঐ দিনই বেলা ১২:০৫ ঘটিকায় উপস্থিত দরপত্র দাতাদের (যদি কেহ থাকেন) সম্মুখে খোলা হবে।

০৪। দরপত্র দলিলের মূল্য তালিকা (price schedule)-তে বর্ণিত মালামালের জন্য নিলামে উল্লেখিত দর (quoted price)-এর উপর ২৫% (পঁচিশ শতাংশ) হারে নিরাপত্তা জামানত বাংলাদেশি যে কোন তফসিলি ব্যাংক হতে 'কুমিল্লা পবিস-১, চান্দিনা, কুমিল্লা-এর অনুকূলে জমা প্রদান করতে হবে। প্রয়োজনীয় অংকের নিরাপত্তা জামানত দাখিল না করলে উক্ত দরপত্র নন-রেসপন্সিভ হিসেবে বিবেচিত হবে। বিজয়ী দরদাতার নিরাপত্তা জামানত মালামাল গ্রহণের পর ফেরত প্রদান করা হবে। নিরাপত্তা জামানত সমন্বয় যোগ্য নয়। সমন্বয়ের আবেদন গ্রহণযোগ্য হবে না। বিক্রয়াদেশ প্রদানের অব্যবহিত পরেই বিজয়ী দরদাতা এবং ২য় সর্বোচ্চ রেসপন্সিভ দরদাতা ব্যতীত অন্যান্য অংশগ্রহণকারী দরদাতাদের নিরাপত্তা জামানত ফেরত প্রদান করা যাবে। বিজয়ী দরদাতা সমুদয় অর্থ জমা প্রদান করতঃ মালামাল গ্রহণ করলে বিজয়ী দরদাতা ও ২য় সর্বোচ্চ রেসপন্সিভ দরদাতার নিরাপত্তা জামানত ফেরত প্রদান করা যাবে। নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত হয়ে যাবে যদি:

ক) দরপত্র উন্মুক্ত হওয়ার পর দরপত্রের মেয়াদ বহাল থাকা অবস্থায় কোন দরদাতা তাহার দরপত্র প্রত্যাহার করেন; অথবা
খ) বিক্রয় আদেশ প্রাপ্তি পরবর্তীতে নির্ধারিত সমুদয় অর্থ নির্ধারিত সময়ের মধ্যে জমা প্রদান না করলে;
গ) বিক্রয়াদেশ মোতাবেক সমুদয় অর্থ জমা প্রদানের পর অনুমোদিত/নির্ধারিত সময়ের মধ্যে কোন মালামালই গহণ না করলে নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত হবে।
ঘ) বিক্রয়াদেশ পরবর্তী ৯০ দিনের মধ্যে সম্পূর্ণ মালামাল গৃহীত না হলে নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত হবে এবং দরপত্র বাতিল বলে গণ্য হবে।
ঙ) আংশিক মালামাল গ্রহণ করা হলেও দরপত্র বাতিল পরবর্তী কোন অর্থ ফেরত প্রদান করা হবে না।

০৫। কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মালামালের মূল্য নগদ /পে অর্ডার / ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ করে নিজ দায়িত্বে, নিজ খরচে মালামাল সমূহ গ্রহণ করতে হবে। অন্যথায় দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানতের অর্থ সমিতির অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

০৬। কৃতকার্য নিলাম দরদাতাকে উদ্ধৃত মোট মূল্যের উপর সরকারী নিয়মানুযায়ী ভ্যাট এবং উৎস কর নগদ /পে অর্ডার / ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ পূর্বক মালামাল গ্রহণ করতে হবে (সরকার কর্তৃক কর ও ভ্যাট পরিবর্তন হলে তা পরিশোধযোগ্য হবে) । অকৃতকার্য দরদাতার নিরাপত্তা জামানত নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।

০৭। বর্ণিত মালামাল সমূহ যেখানে যে অবস্থায় আছে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান-কে সেখান থেকে সে অবস্থায় গ্রহণ করতে হবে। মালামাল গ্রহণের সময় সমিতির স্থাপনা/সম্পত্তির কোন ক্ষয়ক্ষতি হলে তার ক্ষতিপূরণ কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে বহন করতে হবে।

০৮। পবিসে কর্মরত কোন কর্মকর্তা/ কর্মচারী এবং এলাকা পরিচালক/মহিলা পরিচালকগণ দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন না।

০৯। আগ্রহী নিলাম দরদাতাগণ নিলাম বিজ্ঞপ্তিটি সমিতির ওয়েব সাইট (pbs1.comilla.gov.bd) এ দেখতে পারবেন। এতদ সংগে সংযুক্ত 'নিলাম দরপত্র দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। নিলাম দরপত্র দলিল সমিতির ওয়েব সাইট pbs1.comilla.gov.bd হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহনযোগ্য হবে না অথবা আবেদনের মাধ্যমে কুমিল্লা পবিস-১ হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করা যাবে।

১০। সমিতি কর্তৃপক্ষ কোনরূপ কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১১। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাঃ
(প্রকৌঃ মোঃ রাশেদুজ্জামান)
জেনারেল ম্যানেজার
ফোন নং-০২৩৩৪৪০৮৭৪৩

দরপত্র ফরম

জেনারেল ম্যানেজার
কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১
চান্দিনা, কুমিল্লা।

প্রিয় মহোদয়,

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী(গণ) দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) পুঙ্খানুপুঙ্খ যাচাই পূর্বক ব্যবহার অযোগ্য ২৯টি আইটেমের মূলধনী মালামাল নিলামে ক্রয়ের জন্য মোট-------------------------------------(কথায়ঃ ---) টাকায় ক্রয় করার প্রস্তাব করছি।

আমার/আমাদের দরপত্র গৃহীত হলে আমি/আমরা কার্যাদেশে প্রদত্ত সময়সীমা অনুযায়ী অর্থাৎ ৩০ দিনের মধ্যে সকল শর্ত পূরণ করে নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল গ্রহণ বাধ্য থাকব।

আপনার প্রদত্ত কার্যাদেশ কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এবং আমাদের মধ্যে চুক্তি হিসাবে গণ্য হবে।

আমি/আমরা জ্ঞাত আছি যে আপনি সর্বোচ্চ দর অথবা যে কোন দরপত্র গ্রহণে বাধ্য নয়।

দরদাতার স্বাক্ষর

নাম--------------------------------

পূর্ন ঠিকানা/ফোন নং

সংযুক্তিঃ
আর্নেষ্টমানি এর টাকার পরিমান -
পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট নম্বর-
ব্যাংকের নাম ও শাখার নাম-
তারিখ-

দরদাতা প্রতিষ্ঠানের নামঃ----------------------

ও ঠিকানাঃ-----------------------------------

বিক্রয়তব্য ব্যবহার অযোগ্য মুলধনী মালামালের প্রদত্ত নিলাম দর

ক্রমিক নং	মালামালের বিবরণ	পরিমাণ	একক	উদ্ধৃত মোট নিলাম মূল্য	
				একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
১	২	৩	৪	৫	৬
০১	বাই সাইকেল	০২	টি		
০২	পোল ট্রেইলর ট্রাক্টর	০১	টি		
০৩	টায়ার (ডাবল কেবিন,সিঙ্গেল কেবিন ও জীপ গাড়ীর)	৬০	টি		
০৪	মোটর সাইকেলের টায়ার	৪০	টি		
০৫	পানির ট্যাকিং (গাজী)	০২	টি		
০৬	পানির ট্যাকিং লোহার	০৬	টি		
০৭	রিভলভিং চেয়ার	১১	টি		
০৮	সিঙ্গেল খাট	২	টি		
০৯	মিট সেলফ	১	টি		
১০	রাইটিং কাম ড্রেসিং টেবিল	২	টি		
১১	ডাইনিং টেবিল	১	টি		
১২	আলমীরা	১	টি		
১৩	কাঠের সেলফ	১	টি		
১৪	আলনা	২	টি		
১৫	কাঠের চেয়ার	৬	টি		
১৬	পাতিল	৪	টি		
১৭	রাউন্ড আলনা	১	টি		
১৮	মাইক্রো ওভেন (Walton)	২	টি		
১৯	দা	২	টি		
২০	কড়াই	২	টি		
২১	কেটলী	২	টি		
২২	ফ্রাই প্যান	২	টি		
২৩	সসপ্যান	৩	টি		
২৪	তরকারীর পাতিল	৪	টি		
২৫	ভাতের পাতিল	৫	টি		
২৬	পাতিলের ঢাকনা	১	টি		
২৭	টিফিন কেরিয়ার	২	টি		
২৮	প্লাষ্টিক চেয়ার	৫	টি		
২৯	সিলভার কলসী	১	টি		
				সর্বমোট মূল্য=	

দরদাতার স্বাক্ষর

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ চান্দিনা, কুমিল্লা

-: বিক্রয়তব্য ব্যবহার অযোগ্য মূলধনী মালামালের বিবরণ:-

ক্রঃ নং	বিবরণ	পরিমাণ
০১	বাই সাইকেল	০২টি
০২	পোল ট্রেইলর ট্রাক্টর	০১টি
০৩	টায়ার (ডাবল কেবিন,সিঙ্গেল কেবিন ও জীপ গাড়ীর)	৬০টি
০৪	মোটর সাইকেলের টায়ার	৪০টি
০৫	পানির ট্যাকিং (গাজী)	০২টি
০৬	পানির ট্যাকিং লোহার	০৬টি
০৭	রিভলভিং চেয়ার	১১টি
০৮	সিঙ্গেল খাট	২টি
০৯	মিট সেলফ	১টি
১০	রাইটিং কাম ড্রেসিং টেবিল	২টি
১১	ডাইনিং টেবিল	১টি
১২	আলমীরা	১টি
১৩	কাঠের সেলফ	১টি
১৪	আলনা	২টি
১৫	কাঠের চেয়ার	৬টি
১৬	পাতিল	৪টি
১৭	রাউন্ড আলনা	১টি
১৮	মাইক্রো ওভেন (Walton)	২টি
১৯	দা	২টি
২০	কড়াই	২টি
২১	কেটলী	২টি
২২	ফ্রাই প্যান	২টি
২৩	সসপ্যান	৩টি
২৪	তরকারীর পাতিল	৪টি
২৫	ভাতের পাতিল	৫টি
২৬	পাতিলের ঢাকনা	১টি
২৭	টিফিন কেরিয়ার	২টি
২৮	প্লাষ্টিক চেয়ার	৫টি
২৯	সিলভার কলসী	১টি

দরদাতার স্বাক্ষর